

grey matter pr

PRESS CLIP

Publication:- Kolkataprime.com (http://www.kolkataprime.com/newsDetails/online-education-pannel_8260)


Date: - 30th May 2020

Page :- Online

Online panel discussion on "Education for doing Business" organized by The Bengal Chamber on 28th May.

শিক্ষা জগতে অগ্রগতির বিষয়ে অনলাইন আলোচনা

2020-05-30 16:31:34



grey matter pr

106 d, block-f
new alipore
kolkata 700 053
i n d i a

W +91 33 2445 2766
info@greymatterpr.com
www.greymatterpr.com

নিজস্ব প্রতিবেদন: কোভিড পরবর্তী সময়ে শিক্ষা প্রতিষ্ঠানে আরও বেশি করে শিল্পোদ্যোগের ব্যাপারে প্রশিক্ষণের ওপর জোর দিলেন বিশেষজ্ঞরা, দ্য বেঙ্গল চেম্বার আয়োজিত 'এডুকেশন ফর ডুয়িং বিজনেস' অনলাইন আলোচনায়।

দ্য বেঙ্গল চেম্বারের শিক্ষা কমিটির চেয়ারম্যান ও আইআইএইচএমের চিফ মেন্টর ড. সুবর্ণ বসু বলেন, 'আমরা একটা কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি। দেখা যাচ্ছে, অনেকে চাকরি হারাচ্ছেন। এই পরিস্থিতিতে পড়ুয়াদের মধ্যে আরও বেশি করে শিল্পোদ্যোগের ভাবনা ছড়িয়ে দেওয়ার দরকার রয়েছে। এ কাজে তাঁদের আরও সাহায্য করতে হবে। আমাদের তেমন ব্যবস্থা তৈরির জন্য আরও উদ্যোগী হতে হবে।' ম্যাকাউটের উপাচার্য অধ্যাপক সৈকত মৈত্র বলেন, 'কারিগরি এবং পেশাদারি লেখাপড়ার বিষয়গুলিতে বদল করা দরকার। কোভিডের ফলে বাণিজ্য, অর্থনীতি ধাক্কা খেয়েছে। পরিবর্তিত পরিস্থিতিতে লেখাপড়ার কী কী বদল আনা দরকার আমাদের আরও ভাল করে দেখতে হবে।'

স্পেশ্যালিটি রেস্টোরার প্রতিষ্ঠাতা এবং সিএমডি অঞ্জন চ্যাটার্জি বলেন, 'আমরা একটা কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি। শিল্পোদ্যোগ বলতে বুম্বি আপনাকে নিজেকে উদ্যমী হতে হবে। শিল্পোদ্যোগ শব্দের মানেই তাই। কোনও প্রকল্প শুরু করলে বা কোনও ব্যবসায় নামলে সবার আগে দরকার অর্থ। শিল্পোদ্যোগের মানে হল নতুন কোনও ধারণা। এখনকার অর্থনীতি জ্ঞাননির্ভর। কী করলে ভাল ব্যবসা করা যায়, সেটাও বুম্বতে হবে। শিল্পোদ্যোগ কেবল অর্থ আয় করা নয়, এর সঙ্গে জড়িয়ে আছে আপনার আবেগ। আপনি রেস্টোরা ব্যবসা করুন বা ব্যাঙ্কার হয়ে উঠুন, সে জন্য দরকার আবেগ, কঠোর পরিশ্রম করার মানসিকতা এবং শৃঙ্খলা মেনে চলা। নিজের প্রতি দৃঢ় বিশ্বাস থাকতে হবে, আমি সব বাধা কাটিয়ে উঠব। এখন রেস্টোরার ব্যবসা চ্যালেঞ্জের মধ্যে পড়েছে। তা সামলাতে আমরা স্পর্শহীন অর্ডার, ডেলিভারি চালু করেছি। খেয়াল রাখছি ক্রেতাদের কোনও অসুবিধা না হয়, এমন পরিবেশ তৈরি করার। প্রতিষ্ঠানে শিল্পোদ্যোগী তৈরি করার ভাবনাচিন্তা দরকার। একটা নতুন ধারণা আপনাকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। সেটা কোনও উদ্যোগকে বড় করে তুলতে, টিকে থাকতেও কাজে লাগবে।'

বন্ধন ব্যাঙ্কের এমডি, সিইও, দ্য বেঙ্গল চেম্বারের প্রাক্তন সভাপতি চন্দ্রশেখর ঘোষের মতে, 'পরের প্রজন্মকে শিল্পোদ্যোগী হিসেবে গড়ে তুলতে প্রতিষ্ঠান, পরিবার এবং সমাজকে এগিয়ে আসতে হবে। আর সেক্ষেত্রে ভারত সবথেকে ভাল দেশ। কারণ এখানে রয়েছেন ১৩০ কোটি মানুষ। ঘরোয়া চাহিদা মেটাতে আমাদের এগিয়ে আসতে হবে। আরও বেশি করে মানুষের কাছে পৌঁছে গেলে তাঁদের চাহিদার কথা জানতে পারব। তাঁরা কী চাইছেন, তা জানতে পারলে, সেই পণ্য সরবরাহ করা সুবিধার হবে। শিল্পোদ্যোগী হতে গেলে একজনকে বড়সড় ভাবতে হবে, ছোট নয়। ছোট জিনিস দেখতে ভাল লাগে। তবে বড় জিনিস বেশি প্রভাব ফেলে। আর শিল্পোদ্যোগী হতে গেলে উদ্ভাবনী শক্তিকে কাজে লাগাতে হবে। আপনাকে বাজারের চাহিদা বুম্বতে হবে। চাহিদা মতো পণ্য তৈরির দিকে নজর দিতে হবে। সেইসঙ্গে বিভিন্ন ঝঙ্কি সামলানোর মানসিকতা থাকতে হবে। সমস্যা যাতে সুষ্ঠু উপায়ে মেটানো যায়, তেমন ইতিবাচক ভাবনা থাকা দরকার। শংসাপত্র-নির্ভর শিক্ষার বদলে বাস্তবিক শিক্ষার দিকে নজর দিতে হবে। প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন ব্যবসায়িক সংস্থার সঙ্গে যোগাযোগ, প্রশিক্ষণের ব্যবস্থা করে দিতে হবে। অনেক জায়গায় এক মাসের শিক্ষানবিশির সুযোগ থাকে। যেখানে এক মাস পর শিক্ষানবিশির শংসাপত্র পাওয়া যায়। এর সময় বাড়িয়ে তিন মাস করা দরকার। আর শংসাপত্র দিতে হবে প্রতিষ্ঠানকে, পড়ুয়াকে নয়। সেইসঙ্গে শিল্পোদ্যোগের প্রশিক্ষণও জরুরি। এর ফলে পড়ুয়া দের নতুন কিছু করার তাগিদ তৈরি হবে।'

জঙ্গল ক্রোজের প্রতিষ্ঠাতা, ম্যানেজিং ট্রাস্টি, এমবিই পল ওয়ালশ বলেন, 'শিক্ষা আরও এক ধাপ এগিয়ে ব্যবসার বদলে শিল্পোদ্যোগী তৈরি করছে, এটা দারুণ হবে। এবং সেটাই তাঁদের পেশা হবে। এমনটা নিঃসন্দেহে প্রশংসনীয় উদ্যোগ। এখন সবাই সবাইকে সাহায্য করার দায়িত্ব নিতে চায়। এই কাজে শিল্পোদ্যোগের থেকে ভাল আর কী হতে পারে? নিজের ব্যবসা আরও বড়সড় করার এটাই ভাল সময়। শিক্ষা ব্যবস্থায় স্টার্ট আপ তৈরির রাস্তা থাকলে পড়ুয়াদের মন থেকে ভয়, অনিশ্চয়তা অনেকটা কেটে যাবে।'